

মঙ্গলবার

ঢাকা, ১৭ আশ্বিন ১৪২৫

২১ মহররম ১৪৪০

২ অক্টোবর ২০১৮

নয়া দিগন্ত



ইউআইইউ আন্তঃকলেজ ফুটবল টুর্নামেন্ট শুরু

প্রথমবারের মতো ইউআইইউ আন্তঃকলেজ ফুটবল টুর্নামেন্ট গতকাল শুরু হয়েছে। রাজধানীর বাড়ডায় বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে ক্যামব্রিয়ান কলেজ ও উইলস লিটল ফ্লাওয়ার কলেজের মধ্যে প্রথম ম্যাচ অনুষ্ঠিত হয়। ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভিসি অধ্যাপক চৌধুরী মোফিজুর রহমান টুর্নামেন্টের উদ্বোধন করেন। রাজধানীর স্বনামধন্য মোট দশটি কলেজের অংশগ্রহণে এই টুর্নামেন্টের ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে আগামী ১৩ অক্টোবর। এতে ট্রফিসহ চ্যাম্পিয়ন দল এক লাখ টাকা এবং রানার্সআপ দল পাবে ৫০ হাজার টাকা। বিজ্ঞপ্তি।